

পানের জাব পোকাকার আক্রমণে ক্ষতির ধরণ : গাছের কচি পাতা ও ডগার রস চুষে খেয়ে গাছকে দুর্বল করে ফেলে। এ পোকাকার আক্রমণ বেশি হলে শূটি মোল্ড ছত্রাকের আক্রমণ ঘটে এবং গাছ মরে যায়। পিপড়ার উপস্থিতি জাব পোকাকার উপস্থিতিকে জানান দেয়।



পোকা চেনার উপায় : ছোট আকারের ও নরম কালো/সবুজ/বেগুনি। পেছনের দিকে পেটের দুই পাশে দুইটি চিকন নালিকা আছে। বয়স্কদের কখনো একজোড়া পাখা থাকে।

আক্রমণের পর্যায় : বাড়ন্ত পর্যায়, চারা

পান ফসলের যে অংশে আক্রমণ করে : পাতা , ডগা

পোকাকার যেসব স্তর ক্ষতি করে : লার্ভা , পূর্ণ বয়স্ক , কীড়া

জাব পোকাকার ব্যবস্থাপনা :

১। প্রাথমিকভাবে হাত দিয়ে পিশে পোকা মেরে ফেলা, আক্রান্ত পাতা ও ডগা অপসারণ করা, পরভোজী পোকা যেমন : লেডিবার্ডবিটল বরজে লালন করা, ডিটারজেন্ট পানিতে মিশিয়ে স্প্রে করা, বা এডমায়ার ০.৫ মি.লি. / লি. হারে পানিতে মিশিয়ে শেষ বিকেলে স্প্রে করা।

২। আক্রমণ বেশি হলে ইমিডাক্লোরোপ্রিড জাতীয় কীটনাশক (যেমন এডমায়ার অথবা টিডো ৭-১০ মিলিলিটার / ২মুখ) ১০ লিটার পানিতে মিশিয়ে প্রতি ৫ শতকে স্প্রে করতে হবে ১০ দিন পরপর ২/৩ বার।

ড. মোহাঃ মাসুদুল হক, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা
আর্লিক মসলা গবেষণা কেন্দ্র, বিএআরআই
জয়দেবপুর, গাজীপুর-১৭০১; ফোন-০১৭১১১১১১৪৭৪